

মাস্টার্স ইন সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং (MSSE) ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২২ শিক্ষাবর্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) - তে এমএসএসই (MSSE) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।


ভর্তিও যোগ্যতা:

১. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে (BSSE/CSE/CSTE) ডিগ্রীধারী হতে হবে।
২. প্রার্থীর দ্বিতীয় পর্যায়ের কমপক্ষে জিপিএ ২.৫০ থাকতে হবে।

ভর্তির নিয়মাবলী:

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ইনস্টিটিউটের অফিস থেকে ২৬.১২.২০২৩ হতে ১৫.০১.২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে এবং সাক্ষাতকারের তারিখ পরবর্তীতে জানানো হবে।
২. আবেদনের সাথে যে সকল কাগজ পত্র জমা দিতে হবে।
ক) শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি
খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৩. আবেদন ফরমের মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা
৪. চাকরিরত প্রার্থীদের নিজ নিজ নিয়োগকারী প্রতিষ্ঠান হতে অধ্যয়নকালীন সময় ক্লাসে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য ছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৫. বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কি-না ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।
৬. প্রার্থীদের আবেদন বিবেচনা করে ভর্তি কমিটি ভর্তির জন্য সুপারিশ করবেন।
৭. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি দিতে হবে।
৮. ভর্তি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে

ধন্যবাদান্তে


২৪/১২/২৩

প্রফেসর ড. মোহাম্মদ সেলিম হোসেন

পরিচালক, আইআইটি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি:

১. সকল ডিন
২. রেজিস্টার, নোবিপূর্বি
৩. হিসাব পরিচালক, নোবিপূর্বি
৪. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপূর্বি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপূর্বি
৬. নোটিশ বোর্ড
৭. নথি

